

বাংলাদেশ নৌবাহিনীর ওয়েবসাইট এর জন্য অক্টোবর-২০২১ মাসের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন
বানৌজা শের-ই-বাংলা

১। কমান্ডার খুলনা নেভাল এরিয়া কর্তৃক "বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন" শীর্ষক প্রকল্প পরিদর্শন। গত ০৮ অক্টোবর ২০২১ তারিখ কমান্ডার খুলনা নেভাল এরিয়া "বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন" শীর্ষক প্রকল্পের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি নবনির্মিত শের-ই-বাংলার বিভিন্ন প্রকল্পের কাজ ঘুরে দেখেন এবং প্রকল্প কাজের অগ্রগতি সম্পর্কে খোজ খবর নেন। কমান্ডার খুলনা নেভাল এরিয়া কর্তৃক পরিদর্শনের ফলে ঘাঁটির উন্নয়নমূলক কর্মকাণ্ডের গতি আরো বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। পরিদর্শনের ফলে সকল নাবিকদের মাঝে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়।




চিত্রঃ ১। কমান্ডার খুলনা নেভাল এরিয়া কর্তৃক "বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন" শীর্ষক প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র।

২। মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক বানৌজা শের-ই-বাংলা পরিদর্শন। গত ১১ অক্টোবর ২০২১ তারিখ ০৯৩০ ঘটিকায় মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি বানৌজা শের-ই-বাংলা এ আগমন করেন। মাননীয় নৌবাহিনী প্রধানের পরিদর্শন উপলক্ষে নৌ সদরের উর্ধ্বতন কর্মকর্তাগণ ও কমান্ডার খুলনা নেভাল এরিয়া মাননীয় নৌবাহিনী প্রধানের সফরসঙ্গী হিসেবে অগমন করেন এবং কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত হন। পরিদর্শন শেষে প্রজেক্টের কাজ দ্রুততর সময়ে শেষ করার লক্ষ্যে তিনি সুস্পষ্ট নির্দেশনা প্রদান করেন। মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক বানৌজা শের-ই-বাংলা প্রকল্প পরিদর্শনের ফলে কাজের গতি আরও বৃদ্ধি পাবে বলে সকলে আশা প্রকাশ করেন এবং সেই সাথে মাননীয় নৌবাহিনী প্রধান অত্র ঘাঁটিতে আগমন করায় সর্বস্তরের নৌসদস্যদের মাঝে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়।



চিত্রঃ ২। মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক "বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন" শীর্ষক প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র।

৩। **বিশেষ মোনাজাত প্রসঙ্গে।** গত ১৩ অক্টোবর ২০২১ তারিখ বাদ যোহর ঘাঁটিস্থ পন্থুনে প্রাক্তন নৌবাহিনী প্রধান মরহুম রিয়ার এডমিরাল হোসাইন খাঁন এর ৩য় মৃত্যু বার্ষিকী উপলক্ষে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাত অনুষ্ঠানে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত ঘাঁটির সকল নৌসদস্য উপস্থিত ছিলেন।



চিত্রঃ ২। প্রাক্তন নৌবাহিনী প্রধান মরহুম রিয়ার এডমিরাল হোসাইন খাঁন এর রুহের মাগফেরাত কামনায় অয়োজিত বিশেষ মোনাজাতের স্থির চিত্র।

৪। **পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন।** গত ২০ অক্টোবর ২০২১ তারিখ যথাযোগ্য মর্যাদায় পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপিত হয়। এ উপলক্ষে বাদ যোহর ঘাঁটিস্থ পন্থুনে প্রিয় নবী হযরত মোহাম্মদ (সাঃ) এর জীবনীর উপর আলোচনা, মিলাদ মাহফিল এবং বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। এছাড়াও দেশ ও জাতি এবং নৌবাহিনীর উত্তরোত্তর সমৃদ্ধি ও কল্যাণ কামনা করা হয়। এতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সর্বস্রের নৌসদস্য এবং অসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে প্রীতিভোজের আয়োজন করা হয়। উল্লেখ্য, নির্বাহী কর্মকর্তা গত ১৯ অক্টোবর ২০২১ প্রাতঃকালীন সমাবেশে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে দেয়া বাণী পাঠ করে শোনান।



চিত্রঃ ৪। ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে বিশেষ মোনাজাতের স্থির চিত্র।